বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

সাধারণ শাখা

কেন্দ্রের ২০১৭ সালের ৯ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	ড. এম আসলাম আলম রেক্টর (সিনিয়র সচিব)
সভার তারিখ	২৬ ডিসেম্বর ২০১৭ খ্রি.
সভার সময়	বিকাল: ০৪:০০ ঘটিকা
স্থান	রেক্টরস্ কনফারেন্স রুম
উপস্থিতি	তালিকা সংযুক্ত

সভার শুরুতে সকলকে স্বাগত জানানো হয়। অত:পর আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)কে বলা হয়। পরিচালক (প্রশাসন) বিষয়সমূহ উপস্থাপন করলে নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনঃ	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	গত ২৮.১১.২০১৭ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।
২	প্রবিধানমালা সংশোধন	পরিচালক (প্রশাসন) জানান যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্মচারী চাকরি প্রবিধানমালার খসড়া প্রণয়ন বিষয়ে এমডিএস (আরএন্ডসি) ড. শাহাদৎ হোসেন মাহমুদ এর সভাপতিত্বে কয়েকটি সভা হয়েছে। বর্তমানে ড. মোহাম্মদ আবু ইউসুফ এমডিএস (আরএন্ডসি) এর দায়িত্ব পেয়েছেন। তাই বর্তমান এমডিএস (আরএন্ডসি) এর নেতৃত্বে সভা করে প্রবিধানমালার খসড়া চুড়ান্ত করা হবে। তবে এমডিএস ড. শাহাদৎ হোসেন মাহমুদ ইতোমধ্যে প্রবিধানমালার বিষয়ে কাজ করায় তার মাধ্যমেই প্রবিধানমালার খসড়া চুড়ান্ত করার বিষয়ে সকলে মতামত দেন।	ড. শাহাদৎ হোসেন মাহমুদ এমডিএস (এমএন্ডপিএ) দ্রুত সভা করে কেন্দ্রের কর্মচারী প্রবিধানমালা চূড়ান্ত করবে। বাস্তবায়নে: ড. শাহাদৎ হোসেন মাহমুদ এমডিএস (এমএন্ডপিএ)/ পরিচালক (প্রশাসন)
৩	অর্গানোগ্রাম হালনাগাদকরণ	পরিচালক (প্রশাসন) জানান, এমডিএস (আরএন্ডসি) ড. মোহাম্মদ আবু ইউসুফ এর নেতৃত্বে গঠিত কমিটি খসড়া অর্গানোগ্রাম প্রস্তুত করে জমা দিয়েছেন। উক্ত খসড়া অর্গানোগ্রামে কিছু প্রয়োজনীয় পরিবর্তন সংযোজন করার জন্য রেক্টর মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। সে মোতাবেক কাজ শুরু করা হয়েছে। শীঘ্রই খসড়া অর্গানোগ্রাম উপস্থাপন করা হবে।	প্রস্তুতকৃত খসড়া অর্গানোগ্রাম নির্দেশন অনুসারে আরো পরীক্ষা-নিরীক্ষান্তে হালনাগাদ করে পুনরায় উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: ড. মোহাম্মদ আবু ইউসুয এমডিএস (আরএন্ডসি) এবং পরিচালক (প্রশাসন)
৪	নিরীক্ষা আপত্তিনিষ্পত্তি	উপ পরিচালক (অর্থ) সভাকে অবহিত করেন যে, ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখে ত্রি-পক্ষীয় অডিট সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ২০০২ হতে ২০১৪ সাল পর্যন্ত ৩৭টি আপত্তির মধ্যে ১৪টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। জানুয়ারি ২০১৮ মাসে ১টি ত্রি-পক্ষীয় অডিট সভা আয়োজন করা হবে।	জানুয়ারি ২০১৮ মাসে আরও ১টি ত্রি-পক্ষীয় অডিট সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) / উপ- পরিচালক (অর্থ)

৫	মূল্যায়ন নীতিমালা সংশোধন	পরিচালক (মূল্যায়ন) সভাকে অবহিত করেন যে, খসড়া মূল্যায়ন নীতিমালা আরো নিবিড়ভাবে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন করার পর রেক্টর মহোদয়ের নিকট উপস্থাপন করা হবে।	খসড়া মূল্যায়ন নীতিমালা নিবিড়ভাবে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন এর পর অনুমোদন এর জন্য উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (মূল্যায়ন)
৬	বকেয়া কোর্স ফি আদায়	উপ-পরিচালক (অর্থ) সভাকে অবহিত করেন, ২৭ নভেম্বর হতে ২৪ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত বকেয়া কোর্স ফি আদায় হয়েছে ২,৭৪,৫০০/- টাকা। অবশিষ্ট বকেয়া কোর্স ফি রয়েছে ২২,২১,০০০/- টাকা। বকেয়া কোর্স ফি আদায়ের জন্য পত্র যোগাযোগ ও ডেস্ক অফিসারের সাথে ব্যক্তিগত যোগাযোগ করা হচ্ছে।	এমডিএস (পিএন্ডএস) ড. রিজওয়ান খায়ের এর সহযোগিতায় এবং তদারকিতে বকেয়া কোর্স ফি আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। বকেয়া কোর্স ফি আদায়ের জন্য ব্যক্তিগত যোগাযোগ এবং প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তরেগুলোতে একজন কর্মকর্তা প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (পিএন্ডএস) / পরিচালক (প্রশাসন)
৭	e-filing চালকুরণ	সভায় জানানো হয়, কেন্দ্রে ই-নথি কার্যক্রম পুরোদমে শুরু হয়েছে এবং আঞ্চলিক কেন্দ্রসমূহেও ই-নথি কার্যক্রম শুরু হয়েছে। ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে আঞ্চলিক কেন্দ্রের কর্মচারীদের ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	কেন্দ্রে এবং আঞ্চলিক কেন্দ্রে শতভাগ ই-নথি কার্যক্রম চালু এবং অব্যাহত রাখতে হবে। ই-নথি কার্যক্রমে কেন্দ্রের অবস্থান ১-৩ এর মধ্যে উন্নীত করতে হবে। বাস্তবায়নে: সকল কর্মচারী, বিপিএটিসি, আরপিএটিসি।
৮	e-GP পদ্ধতিচালকুরণ	পরিচালক (প্রশাসন) জানান, বিপিএটিসিতে ই-জিপির মাধ্যমে ১টি ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং আরো ১ টি ক্রয় কার্যক্রম প্রক্রিয়াধীন।	ই-জিপি'র মাধ্যমে কেন্দ্রের ক্রয় কার্যক্রম আরো বৃদ্ধি করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)/ উপ-পরিচালক (অর্থ)
৯	ওয়েব-সাইট আপডেটকরণ	ক) প্রতিটি শাখা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কেন্দ্রের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে মর্মে সিস্টেমস এনালিস্ট জানান। খ) প্রশিক্ষণার্থীদের User ID এবং Password ব্যবহার করে ফলাফল দেখার/ প্রকাশের ব্যবস্থা ওয়েবসাইটে সংযোজন এর বিষয়টি আলোচনা করা হয়। গ) প্রাক্তন অনুষদ সদস্যদের তালিকা তৈরী করে ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। তালিকা এখনো চূড়ান্ত হয়নি মর্মে জানানো হয়।	ক) প্রতিটি শাখা সংশ্লিষ্ট তথ্য ওয়েবসাইটে হালনাগদ করার জন্য নিয়মিত সিস্টেমস এনালিস্ট এঁর নিকট প্রেরণ করবেন। বাস্তবায়নে: সকল শাখা প্রধান। খ) ওয়েবসাইটের কোন তথ্য হালনাগাদ না থাকলে বা সংশ্লিস্ট শাখা সরবরাহ না করলে সিস্টেমস এনালিস্ট পরবর্তী সভায় তা উপস্থাপন করবেন। গ) প্রশিক্ষণার্থীদের User ID এবং Password ব্যবহার করে ফলাফল দেখার/প্রকাশের ব্যবস্থা ওয়েবসাইটে জরুরিভিত্তিতে সংযোজন করতে হবে। বাস্তবায়নে: সিস্টেম এনালিস্ট ঘ) প্রাক্তন অনুষদ সদস্যদের তালিকা জরুরীভিত্তিতে তৈরী করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (প্রশাসন)
১০	আরপিএটিসি'র পুরাতন মাইক্রোবাস প্রতিস্থাপন	আরপিএটিসি সমুহের পুরাতন মাইক্রোবাস প্রতিস্থাপনে জন্য এ সংক্রান্ত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে জানানো হয়।	কমিটি বিধি মোতাবেক জরুরী ব্যবস্থা গ্রহণ করবেন। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)

১১	নতুন আরপিএটিসি স্থাপন	এমডিএস (এমএন্ডডি) সভাকে জানান যে, নতুন চারটি প্রশাসনিক বিভাগে ৪টি আরপিএটিসি স্থাপনের জন্য জমির ক্রয় বাবদ ৮৮,২৫,০০,০০০/- (আটাশি কোটি পঁচিশ লক্ষ) টাকা ২০১৭-২০১৮ অর্থ বছরে সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করার প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। খ) জরুরী ভিত্তিতে নতুন আরপিএটিসি স্থাপন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করার বিষয়ে আলোচনা হয়।	ক) সংশোধিত বাজেটে চাহিত কি পরিমান অর্থ এই অর্থবছরে ব্যয় করা সম্ভব হবে তা সংশ্লিস্ট জেলা প্রশাসকগনের সাথে আলোচনা করে মন্ত্রণালয় হতে ঐ পরিমান অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (এমএন্ডডি) খ) পরিচালক (এসটি এন্ড আরসি) এবং এষ্টিমেটর চারটি নতুন আরপিএটিসি এর প্রস্তাবিত স্থান পরিদর্শন করে বাস্তবতার আলোকে লে-আউট পরিকল্পনা প্রণয়ন করে উপস্থাপন করবেন । বাস্তবায়নে: পরিচালক (এসটি এন্ড আরসি) গ) জরুরী ভিত্তিতে নতুন আরপিএটিসি স্থাপন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করতে হবে। বাস্তবায়নেঃ এমডিএস (প্রকল্প)
১২	বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি বা APA বাস্তবায়ন	পরিচালক (পিপিআর) সভায় জানান, সঠিক সময়ে APA বাস্তবায়ন করা হচ্ছে। তিনি আরও জানান, APA বাস্তবায়ন কমিটির পাশাপাশি এমডিএস (প্রকল্প) এঁর নেতৃত্বে একটি APA বাস্তবায়ন মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। APA বাস্তবায়ন কমিটির পরিবর্তে APA বাস্তবায়ন মনিটরিং কমিটি এ সংক্রান্ত সকল কার্যক্রম করতে পারে মর্মে সভায় আলোচনা হয়।	APA বাস্তবায়ন কমিটি বাতিলক্রমে APA বাস্তবায়ন মনিটরিং কমিটি কেন্দ্রের APA সঠিক সময়ে বাস্তবায়ন এর বিষয়টি নিশ্চিত করবেন। বাস্তবায়নেঃ পরিচালক (পিপিআর)
১৩	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৭-২০১৮ বাস্তবায়ন	পরিচালক (প্রশাসন) জানান, কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-২০১৮ এ গৃহীত কার্যক্রম যথাযথ বাস্তবায়ন হচ্ছে এবং অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।	বাস্তবায়ন ও মনিটরিং কমিটির মাধ্যমে কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা সঠিক সময়ে বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নেঃ পরিচালক (প্রশাসন)
১৪	ইনোভেশন টিম এর কার্যক্রম	পি৬৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ইনোভেশন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সগুলোতেও এ বিষয়ে কর্মশালা আয়োজন করা হবে। এছাড়া বিপিএটিসির অনুষদ সদস্যদের নিয়ে আগামী ৩০ ডিসেম্বর ২০১৭ থেকে ০৩ জানুয়ারি ২০১৮ তারিখ ০৫ দিনব্যাপী ইনোভেশন প্রশিক্ষণ কোর্স আয়োজিত হবে মর্মে জানানো হয়।	প্রতিটি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের নিয়ে একটি করে ইনোভেশন বিষয়ক ওয়ার্কশপ আয়োজন করতে হবে। ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)/ জনাব মোঃ জাকির হোসেন, পরিচালক (এলটিএ) ও চীফ ইনোভেশন অফিসার।
১৫	৭টিERP সফ্টওয়্যার সংরক্ষণ/ ব্যবহার	সিস্টেমস এনালিস্ট (অঃ দাঃ) জানান, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ৭টি ERP সফ্টওয়্যার এর হালনাগাদকরণের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে প্রেরিত সংস্কার প্রস্তাব মোতাবেক কাজ শুরু হয়েছে। ৭টি ERP সফ্টওয়ার হালনাগাদকরনের কাজ দ্রুত শেষ করা হবে।	৭টি ERP সফ্টওয়ার হালনাগাদ- করনের কাজ জানুয়ারি ২০১৮ মাসের মধ্যে শেষ করতে হবে। বাস্তবায়নে: সিস্টেমস্ এনালিস্ট (অ. দা.)
১৬	কেন্দ্রে চলমান প্রকল্প	বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে চলমান প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। প্রকল্পসমুহের অগ্রগতি পর্যালোচনার জন্য নিয়মিত সভা করার বিষয়ে আলোচনা করা হয়।	এমডিএস (প্রকল্প) প্রতিমাসে প্রকল্পসমুহের অগ্রগতি পর্যালোচনার জন্য সভা করবেন এবং প্রতি তিনমাসে রেক্টর এঁর সভাপতিত্বে এরুপ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন। বাস্তবানে: এমডিএস (প্রকল্প)
১৭	কর্মচারী কল্যাণ কার্যক্রম	পরিচালক (প্রশাসন) জানান, কেন্দ্রের ১নং গেটের সামনে স্পিডব্রেকার স্থাপনের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে এবং ২১/১২/২০১৭ তারিখে এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ঢাকা বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া পূর্বের পত্রের আলোকে জেলা প্রশাসন ঢাকা হতেও কেন্দ্রের ১নং গেটের সামনে স্পিডব্রেকার স্থাপনের প্রয়োজনীয়তা উল্লেখ করে সড়ক ও জনপদ বিভাগকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।	স্পিডব্রেকার স্থাপনের বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রেখে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং দুই পাশের যাত্রী ছাউনির সংস্কার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)